

## ■ সুনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১১৯৪

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৭২. যারা বলেন, সূর্যগ্রহণের সময় দুই রাকআত নামায পড়বে।

بَابَ مَنْ قَالَ يَرْكَعُ رَكْعَتَيْنِ

আরবী

حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ، حَدَّثَنَا حَمَّادٌ، عَنْ عَطَاءِ بْنِ السَّائِبِ، عَنْ أَبِيهِ، عَنْ عَبْدِ اللَّهِ  
بْنِ عَمْرِو، قَالَ أَنْكَسَفَتِ الشَّمْسُ عَلَى عَهْدِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَامَ  
رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَلَمْ يَكُنْ يَرْكَعُ ثُمَّ رَكَعَ فَلَمْ يَكُنْ يَرْفَعُ ثُمَّ رَفَعَ فَلَمْ يَكُنْ  
يَسْجُدُ ثُمَّ سَجَدَ فَلَمْ يَكُنْ يَرْفَعُ ثُمَّ رَفَعَ فَلَمْ يَكُنْ يَسْجُدُ ثُمَّ سَجَدَ فَلَمْ يَكُنْ يَرْفَعُ ثُمَّ رَفَعَ وَفَعَلَ  
فِي الرَّكْعَةِ الْأُخْرَى مِثْلَ ذَلِكَ ثُمَّ نَفَخَ فِي آخِرِ سُجُودِهِ فَقَالَ "أَفْ أَفْ". ثُمَّ قَالَ "رَبِّ  
أَلَّمْ تَعْذِيْنِي أَنْ لَا تُعَذِّبَنِّي وَأَنَا فِيهِمْ أَلَّمْ تَعْذِيْنِي أَنْ لَا تُعَذِّبَهُمْ وَهُمْ يَسْتَغْفِرُونَ". فَفَرَغَ رَسُولُ  
اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ صَلَاتِهِ وَقَدْ أَمْحَصَتِ الشَّمْسُ وَسَاقَ الْحَدِيثَ.

صحيح لكن بذكر الركوع مرتين كما في الصحيحين (الألباني)

বাংলা

১১৯৪. মুসা ইবন ইসমাইল (রহঃ) ..... আবদুল্লাহ ইবন আমর ইবনুল আস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সময় সূর্যগ্রহণ হলে তিনি নামাযের রাকাতে দীর্ঘ সময় অতিবাহিত করেন। অতঃপর রুকুতে গিয়ে সেখানেও অধিক্ষণ কাতান। অতপর তিনি দীর্ঘক্ষণ সোজা হয়ে দাঁড়িয়ে থাকার পর সিজদায় গিয়েও দীর্ঘক্ষণ অতিবাহিত করেন। অতঃপর তিনি প্রথম সিজদা হতে মাথা তোলার পর অনেক্ষণ বসে থাকেন এবং পুনরায় সিজদায় গিয়ে সেখানে অনেক বিলম্ব করেন। অতঃপর সিজদা শেষে দ্বিতীয় রাকাতের জন্য দাঁড়ান এবং তাও প্রথম রাকাতের মত আদায় করেন। তিনি সর্বশেষ সিজদা দেওয়ার সময় উহ উহ শব্দ করেন এবং বলেন, ইয়া আল্লাহ! তুমি কি আমার সাথে ওয়াদা করনি যে, যতক্ষণ আমি তাদের মধ্যে থাকব ততক্ষণ তুমি তাদেরকে আয়াবে নিষ্কেপ করবে না, তুমি আমার সাথে এইরূপ ওয়াদা করনি যে, যতক্ষণ তাঁরা ইস্তিগফার করতে থাকবে, ততক্ষণ তুমি তাদেরকে শাস্তি দিবেনা? অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নামায শেষে সূর্যগ্রহণও শেষ হয়। এরপে হাদিস বর্ণিত হয়েছে। (তিরমিজি, নাসাই)।

## English

Narrated Abdullah ibn Amr ibn al-'As:

There was an eclipse of the sun in the time of the Messenger of Allah (ﷺ).

The Messenger of Allah (ﷺ) stood up and he was not going to perform bowing till he bowed; and he was not going to raise his head till he raised (after bowing); and he was not going to prostrate himself till he prostrated himself; and he was not going to raise his head till he raised (at the end of prostration); he did similarly in the second rak'ah, he then puffed in the last prostration saying; Fie, Fie! He then said: My Lord, didst Thou not promise me that Thou wouldest not punish them so long as I will remain among them? Didst Thou not promise me that Thou will not punish them so long as they continue to beg pardon of Thee. The Messenger of Allah (ﷺ) finished the prayer, and the sun was clear. The narrator then narrated the tradition (in full).

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁজিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=32881>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন